

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৬০৩

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৬৯. বসা অবস্থায় ইমামতি করা

باب الإِمَامِ يُصلِّي مِنْ قُعُودٍ

আরবী

حَدَّتَنَا سُلَيْمَانُ بْنُ حَرْب، وَمُسْلِمُ بْنُ إِبْرَاهِيمَ، _ الْمَعْنَى _ عَنْ وُهَيْب، عَنْ مُصعَب بْنِ مُحَمَّد، عَنْ أَبِي صَالِح، عَنْ أَبِي هُرَيْرَة، قَالَ قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم " إِنَّمَا جُعِلَ الإِمَامُ لِيُوْتَمَّ بِهِ فَإِذَا كَبَّرُ فَكَبِّرُوا وَلَا تُكَبِّرُوا حَتَّى يُكَبِّرُ وَإِذَا رَكَعَ فَارْكَعُوا وَلَا تُركَعُوا وَلَا تَرْكَعُوا حَتَّى يَرْكَعُ وَإِذَا قَالَ سَمِعَ اللهُ لِمَنْ حَمِدَهُ فَقُولُوا اللهُمَّ رَبَّنَا لَكَ الْحَمْدُ ". قَالَ مُسْلِمٌ " وَلَكَ الْحَمْدُ ". " وَإِذَا سَجَدَ فَاسْجُدُوا وَلَا تَسْجُدُوا حَتَّى يَسْجُدُ وَإِذَا صَلَّى قَائِمًا فَإِذَا صَلَّى قَاعِدًا فَصَلُوا قُعُودًا أَجْمَعُونَ ".

_ صحیح

قَالَ أَبُو دَاؤُدَ " اللَّهُمَّ رَبَّنَا لَكَ الْحَمْدُ " . أَفْهَمَنِي بَعْضُ أَصْحَابِنَا عَنْ سُلَيْمَانَ

বাংলা

৬০৩। আবৃ হুরাইরাহ্ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ ইমাম এজন্যই নিয়োগ করা হয়, যেন তার অনুসরণ করা হয়। কাজেই ইমাম তাকবীর বললে তখন তোমরাও তাকবীর বলবে। ইমাম তাকবীর না বলা পর্যন্ত তোমরা তাকবীর বলবে না। ইমাম রুকু' করলে তোমরাও রুকু' করবে। ইমাম রুকু' না করা পর্যন্ত তোমরা রুকু' করবে না। ইমাম 'সামিআলাহ্ লিমান হামিদাহ্'' বললে তোমরা বলবে, ''আল্লাহুন্মা রব্বানা লাকাল হামদ''। মুসলিমের বর্ণনায় রয়েছেঃ ''ওয়া লাকাল হামদ''। ইমাম সিজদ্ করলে তোমরাও সিজদ্ করবে। ইমাম সিজদ্ না করা পর্যন্ত তোমরা সিজদাহ্ করবে না। ইমাম দাঁড়িয়ে সালাত আদায় করলে তোমরাও দাঁড়িয়ে সালাত আদায় করবে। আর বসে আদায় করলে তোমরাও বসে আদায় করবে। [1]

সহীহ।



ইমাম আবূ দাউদ (রহঃ) বলেন, আমার সহকর্মীরা আমাকে সুলাইমানের সূত্রে ''আল্লাহুম্মা রববানা লাকাল হামদ''-এর বিষয়টি বুঝিয়ে দিয়েছেন।

English

Narrated AbuHurayrah:

The Prophet () said: The imam is appointed only to be followed; when he says "Allah is most great," say "Allah is most great" and do not say "Allah is most great" until he says "Allah is most great." When he bows; bow; and do not bow until he bows. And when he says "Allah listens to him who praise Him," say "O Allah, our Lord, to Thee be the praise."

The version recorded by Muslim goes: "And to Thee be the praise: And when he prostrate; and do not prostrate until he prostrates. When he prays standing, pray standing, and when he prays sitting, all of you pray sitting.

Abu Dawud said: The words "O Allah, our Lord, to You be the praise" reported by Sulaiman were explained to me by some of our companions.

ফুটনোট

[1] আহমাদ (২/৩৪০) ওহাব সূত্রে। এর সনদ সহীহ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন